

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.১৪০০.০১৭.৯৯.০০১.১৫. ২০২


তারিখ : ২১ মাঘ ১৪২২
০৩ ফেব্রুয়ারী, ২০১৬

বিষয় : কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার দোলাই নবাবপুর ইউনিয়ন পরিষদের মালিকানাধীন স্থাবর সম্পত্তি মুক্তিযোদ্ধাদের কল্যাণে স্থায়ীভাবে দান করার অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা এর পত্র নং-৫৬, তারিখ : ২৪.০১.২০১৬খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার দোলাই নবাবপুর ইউনিয়ন পরিষদের মালিকানাধীন জমি বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ চান্দিনা উপজেলা কমান্ড, কুমিল্লা এর নামে বরাদ্দ প্রদানের বিষয়ে নিম্নোক্ত তথ্যাদি এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসক এর সুস্পষ্ট মতামতসহ স্বয়ং-সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

ক.	প্রস্তাবিত স্থানে ইউপির মালিকানাধীন মোট জমির পরিমাণ কত?
খ.	ইউপির কোন কমপ্লেক্স ভবন আছে কিনা?
গ.	প্রস্তাবিত স্থানটি বর্তমান কমপ্লেক্স ভবন চত্বরে অবস্থিত কিনা?
ঘ.	ইউপি কমপ্লেক্স ভবন থাকলে কতটুকু জমির উপর তা নির্মাণের অনুমোদন দেয়া হয়েছিল এর প্রশাসনিক অনুমোদনের কপি;
ঙ.	ইউপির মোট জমির পরিমাণ কত?
চ.	কি শর্তে দোলাই নবাবপুর ইউনিয়ন পরিষদ উক্ত জমির মালিকানাপ্রাপ্ত হয়েছিল তার তথ্যসহ জমির মালিকানা সংক্রান্ত দলিল ও পর্চার অবিকল নকলের কপি;


(শরীফ আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক
কুমিল্লা।

অনুলিপি :

১. কম্পিউটার প্রোগ্রামার,
স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।